অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/9/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক সার্ভাইভারদের পাশে আছে: গভর্নর হোকল ঘোষণা করলেন যে শিশু নির্যাতনের ভিকটিমদের জন্য নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কগুলোকে নীল আলোয় আলোকিত করা হবে

শিশু নির্যাতন প্রতিরোধ মাসের সম্মানে 14টি ল্যান্ডমার্ককে নীল আলোয় আলোকিত করা হবে

ন্যাশনাল ক্রাইম ভিকটিমস রাইটস উইক (National Crime Victims' Rights Week) এবং চাইল্ড অ্যাবিউজ প্রিভেনশন মান্থ (Child Abuse Prevention Month) চলাকালে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে আজকে রাতে শিশু ও পরিবারকে সুরক্ষা করতে স্টেটের প্রতিরোধ চেষ্টার ব্যাপারে সচেতনতা বাড়াতে স্টেটের ল্যান্ডমার্কগুলিকে নীল আলোয় আলোকিত করা হবে। গভর্নর Hochul (হোকল) এর আগে একটি ঘোষণাপত্র জারি করে এপ্রিলকে নিউ ইয়র্ক স্টেটে (New York State) চাইল্ড অ্যাবিউজ প্রিভেনশন মান্থ হিসেবে স্বীকৃতি দেন।

"আমার শীর্ষ অগ্রাধিকার হলো সকল নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে আমাদের শিশুদের নিরাপত্তা ও সুস্থতা নিশ্চিত করা," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "একসাথে কাজ করে আমরা নিশ্চিত করতে পারবো যাতে প্রত্যেক শিশুর কাছে একটি নিরাপদ ও যত্নের পরিবেশে বড় হওয়ার সুযোগ থাকে। সার্ভাইভারদের কথা তুলে ধরার জন্য, এবং পরিবার ও অ্যাডভোকেটদের, এবং একই সাথে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সমর্থন করার জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ, এবং নিউ ইয়র্ক স্টেটে শিশু নির্যাতন প্রতিরোধ করতে সাহসী উদ্যোগ অগ্রসর করতে আমরা কাজ করে যাচ্ছি।"

এই মাসের জন্য এই বছরের থিম হলো "শিশু ও পরিবারের সুস্থতাকে সমর্থন করা (Supporting Child and Family Well-Being)" যাতে এমন প্রধান প্রধান প্রতিরোধ ব্যবস্থার উপর আলোকপাত করা যায় যা পরিবারকে সাহায্য ও শক্তিশালী করতে সাহায্য করতে পারবে, যার ফলে শিশু নির্যাতন ও অবহেলা প্রতিরোধ করা যাবে। এইসব ব্যবস্থার মধ্যে আছে পুরো নিউ ইয়র্ক স্টেটে অবস্থিত ফ্যামিলি অপর্চুনিটি সেন্টার (Family Opportunity Centers) এবং ফ্যামিলি রিসোর্স সেন্টার (Family Resource Centers), এবং অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের (Office of Children and Family Services, OCFS) হেল্প, এম্পাওয়ার, রিঅ্যাশিউর অ্যান্ড সাপোর্ট (Help, Empower, Advocate, Reassure and Support, HEARS) হেল্পলাইন।

অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের কমিশনার Dr. DaMia Harris-Madden (ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন) বলেন, "পরিবারকে জোরদার করে এবং শিশুদের জন্য স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করে এমন প্রতিরোধ সেবা ও সমর্থনের মাধ্যমে শিশু নির্যাতন প্রতিরোধ করার প্রমাণভিত্তিক এবং নতুন ধরণের উদ্যোগ সমর্থন করতে OCFS নিবেদিত। এমন একটি স্টেটের বাস করতে পেরে আমরা সৌভাগ্যবান যেখানে আমাদের গভর্নর সক্রিয়ভাবে অন্তর ও মাথা দুইটি দিয়ে নেতৃত্ব দেন, অব্যর্থভাবে সকল নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে যারা সবথেকে দুর্বল তাদের সুরক্ষাকে সমর্থন করেন। গভর্নর Hochul-এর (হোকল) অনেক প্রতিশ্রুতির মধ্যে আছে পুরো স্টেটে অবস্থিত ফ্যামিলি অপর্চুনিটি সেন্টার এবং ফ্যামিলি রিসোর্স সেন্টারের জন্য বিনিয়োগ। এই সেন্টারগুলির উদ্দেশ্য হলো পরিবারকে ক্ষমতা দেওয়া এবং পিতামাতার দৃঢ়তা, সামাজিক সংযোগ এবং রিসোর্সের অ্যাক্সেসের মতো সুরক্ষামূলক ব্যাপার উন্নত করা।"

ঘোষণাপত্র জারি করার পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) নির্দেশ দিয়েছেন যাতে চাইল্ড অ্যাবিউজ প্রিভেনশন মান্থের স্বীকৃতিতে স্টেটের 14টি ল্যান্ডমার্ক ও বিল্ডিংকে আলোকিত করা হয়।

আজ, 9 এপ্রিলের রাতে যে ল্যান্ডমার্ক ও বিল্ডিংগুলিকে আলোকিত করা হবে তা হলো:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (The H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- “ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট” মধ্য-হাডসন ব্রিজ (“Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)

গভর্নর Hochul (হোকল) এমন পরিবার ও শৈশবের উদ্যোগকে সমর্থন করে চলেছেন যা শিশু নির্যাতন ও মন্দ ব্যবহারের ঝুঁকি কমানোর মতো সুরক্ষা ব্যবস্থা বাড়ানোর জন্য নকশা করা হয়েছে। তার 2025-2026 সালের এক্সিকিউটিভ বাজেটে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারগুলির (Child Advocacy Centers, CACs) জন্য 9.2 মিলিয়ন মার্কিন ডলার তহবিল বাড়ানোর প্রস্তাব দিয়েছেন, যা হবে এর আগের বার্ষিক তহবিলের

দ্বিগুণের বেশি। চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারগুলি নির্যাতন/অবহেলার শিকার শিশু এবং তাদের অন্যায় করেনি এমন কেয়ারটেকারদের জন্য একটি শিশুবান্ধব, নিরাপদ, সমর্থক পরিবেশ দিয়ে থাকে।

পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট ফ্যামিলি অপরচুনিটি সেন্টার এবং ফ্যামিলি রিসোর্স সেন্টারগুলিকে সমর্থন করে চলেছে, যা ননপ্রফিট সোশ্যাল সার্ভিস অর্গানাইজেশন এবং পাবলিক স্কুলে অবস্থিত এবং যাদের উদ্দেশ্য হলো সামাজিক সংযোগ, শিশু বড় করা এবং শিশুর বিকাশ সম্পর্কে জ্ঞান, এবং পিতামাতার দৃঢ়তা উন্নত করে এবং খাদ্য সহায়তা, হাউজিং সমর্থন এবং মানসম্পন্ন শারীরিক ও মেন্টাল হেলথ কেয়ারের সাথে সংযোগের মতো বাস্তব সমর্থন দেওয়ার মাধ্যমে পরিবারের সুস্থতা উন্নত করা। ফ্যামিলি অপরচুনিটি সেন্টারগুলি খোলা হয় OCFS এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের (New York State Education Department, NYSED) মধ্যে একটি সহযোগিতামূলক উদ্যোগের মাধ্যমে।

পাশাপাশি, আরেকটি প্রধান প্রতিরোধ এবং পরিবার জোরদার করার হাতিয়ার হলো OCFS-এর HEARS লাইন, এটি তৈরি করা হয়েছে যাতে পরিবারগুলিকে এমন কমিউনিটি রিসোর্সের সাথে যুক্ত করা যায় যারা হাউজিং, খাবার, স্বাস্থ্যসেবা ইত্যাদি দিয়ে থাকে। যেকেউ সোমবার থেকে শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত 1-888-554-3277 নম্বরে ফোন করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিস সম্পর্কে
স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর শিশু, পরিবার ও কমিউনিটির সুরক্ষা, স্থায়িত্ব ও কল্যাণ সম্পর্কে প্রচারণা চালানোর মাধ্যমে নিউ ইয়র্কের জনগণের সেবা করে। সংস্থাটি পারিবারিক সহায়তা, কিশোর-কিশোরীদের জন্য ন্যায়বিচার, যুব উন্নয়ন, শিশু পরিচর্যা এবং শিশু কল্যাণ পরিষেবার একটি সিস্টেম সরবরাহ করে এবং ফস্টার কেয়ার, দত্তক গ্রহণ ও দত্তক সহায়তা, শিশু সুরক্ষা পরিষেবা, শিশু ও পরিবারের জন্য প্রতিরোধমূলক পরিষেবা এবং ঝুঁকিগ্রস্ত প্রাপ্তবয়স্কদের জন্য প্রতিরক্ষামূলক কর্মসূচির সাথে সম্পৃক্ত কর্মসূচি ও পরিষেবার জন্য দায়িত্বরত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন